**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**1 FEBRUARY 2025** **7:35 AM IST**

===================================================================

কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণ আজ লোকসভায় ২০২৫-২৬ অর্থ বছরের সাধারণ বাজেট উত্থাপন করবেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের গ্রহণ করা সিদ্ধান্ত অনুযায়ী বিগতবছরগুলির মতো এবারো পৃথক কোনো রেল বাজেট উত্থাপন করা হবেনা ।মূল কেন্দ্রীয় বাজেটে অর্থমন্ত্রী শ্রীমতী সীতারমণ রেল বিভাগের জন্য পরবর্তী অর্থবছরের আয় ব্যয়ের খতিয়ান ও প্রকল্প তুলে ধরবেন । আজ শ্রীমতী সীতারণের বাজেট দাখিলের সময় প্রদত্ত ভাষন আকাশবানী সরাসরি প্রচার করবে ।

এদিকে কেন্দ্রীয় মন্ত্রী শ্রীমতী সীতারমণ গতকাল রাষ্ট্রপতির ভাষণের পর লোকসভায় অর্থনৈতিক সমীক্ষা দাখিল করেন । এই অর্থনৈতিক সমীক্ষায় চলতি অর্থ বছরে দেশের প্রকৃত মোট ঘরোয়া উৎপাদন ৬ দশমিক ৪ শতাংশে বৃদ্ধি হোয়া সহ ২০২৬ অর্থ বছরে বিকাশের হার ৬ দশমিক তিন থেকে ৬ দশমিক ৮ শতাংশের মধ্যে হবে বলে আশা করা হচ্ছে ।

---

সংসদের বাজেট অধিবেশন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য প্রাপ্তির ক্ষেত্রে নতুন আত্মবিশ্বাস ও শক্তির সঞ্চার করবে । সংসদের বাজেট অধিবেশনের পূর্বে গতকাল সাংবাদিকদের সঙ্গে কথা বার্তায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে ২০৪৭ সালে যখন ভারত স্বাধীনতা লাভ করার ১০০ বছর সম্পূর্ণ করবে তখন বিকশিত ভারতের লক্ষ্যও প্রাপ্তি হবে । তিনি বলেন যে জনসাধারণ তাঁর সরকারকে তৃতীয়বারের জন্য দেশের শাসনভার গ্রহণের দায়িত্ব দিয়েছে  এবং এটি হবে তাঁর তৃতীয় শাসনকালের প্রথম সম্পূর্ণ বাজেট । প্রতিবারের মতো এবারের বাজেট অধিবেশনে বহু গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করা হবে বলেও তিনি উল্লেখ করেন ।

---

আজ আকাশবানী শিলচর কেন্দ্রের আঞ্চলিক সংবাদ সম্প্রচারের ৪৭ বছর সম্পূর্ণ হয়েছে । তৎকালীন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী ইন্দ্র কুমার গুজরাল এবং মহীতোষ পুরকায়স্থের উপস্থিতিতে আকাশবাণি শিলচর কেন্দ্রের উদ্বোধনের পাঁচ বছর পর ১৯৭৮ সালের পয়লা ফেব্রুয়ারী আঞ্চলিক সংবাদ বিভাগ যাত্রা শুরু করে । আঞ্চলিক সংবাদ বিভাগ থেকেু নিয়মিত সংবাদ পরিবেশন ছাড়াও বিধানসভা পর্যালোচনা ও আলোচনামূলক অনুষ্ঠানও সম্প্রচারিত হয়ে থাকে ।

---

কাছাড় জেলা প্রশাসন ও কাছাড় জেলা পরিবহন দপ্তরের যৌথ উদ্যোগে গতকাল মাস ব্যাপী সড়ক নিরাপত্তা কার্যসূচীর সমাপ্তি হয়েছে ।সড়ক সুরক্ষা ,জীবন রক্ষা শীর্ষক এই কার্যসূচীর মূল লক্ষ্য ছিলো জনসাধারণের মধ্যে ট্রাফিক নিয়ম ও নিরাপদ গাড়ি চালনার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা এবং সড়ক দূর্ঘটনা প্রতিরোধের বার্তা পৌঁছে দেওয়া । উল্লেখ্য গত পয়লা

জানুয়ারী শিলচর ইন্ডিয়া ক্লাবে জাতীয় সড়ক নিরাপত্তা মাসের আনুষ্ঠানিক সূচনা হয়েছিলো ।

---

শ্রীভূমির জেলা ক্রীড়া আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শ্রীভূমি জেলায় জেলা ভিত্তিক খেল মহারনের দ্বিতীয় পর্বের প্রতিযোগীতা আগামী ৬ই ফেব্রুয়ারী থেকে শুরু হবে । খেল মহারনের প্রথম দিন সকাল ১০টায় জেলা ক্রিড়া সংস্থার মাঠে কাবাডি ,ফুটবল ,ভলিবল , সাইক্লিং ,অ্যাথেলেটিক্স ও দাবা প্রতিযোগীতা অনুস্টিত হবে ।

---

হাইলাকান্দি জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারিক রণজিৎ কুমার লস্করকে বদলি করে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের যুগ্ম সচিব হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । আসাম সরকারের পার্সোনাল (এ ) বিভাগের সচিব মণিতা বরগোঁহাই গত ২৭ শে জানুয়ারী এ সংক্রান্ত নির্দেশ জারি করেছেন । উল্লেখ্য ২০২৪ সালের ১৬ মার্চ তিনি হাইলাকান্দি জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারিক হিসেবে দায়িত্ব গ্রহণ করেছিলেন। এর আগে তিনি হাইলাকান্দির জেলা উন্নয়ন আয়ুক্ত হিসেবে দায়িত্ব পালন করেছেন ।

---

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং শালগঙ্গার ব্রজ্যদিত্য সেবা সংস্থার ব্যবস্থাপনায় আগামী রবিবার লারসিং মূখের পানগ্রাম সাব সেন্টারে

বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির শুরু হবে সকাল ১০টায় ।

এদিকে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগেও আগামীকাল এন আই টি সংলগ্ন বারিকনগর ভিশন সেন্টারে অনুরূপ চক্ষু পরীক্ষা শিবির অনুস্টিত হবে । শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে ।

---

হাইলাকান্দি জেলা স্তরের বরদলৈ ট্রফি ফুটবল প্রতিযোগীতায় আজ বি গ্রুপের ম্যাচে রয়েল এসোসিয়েশন//প্যারাডাইস এন জি ওর বিরুদ্ধে খেলবে । অন্যদিকে বেলা দুটোয় রংমাই নাগা ওয়েলফেয়ার এসোসিয়েশন// বাওয়ারঘাট ফুটবল ক্লাবের মুখোমুখি হবে ।
প্রতিযোগীতায় গতকাল অনুষ্ঠিত দুটি খেলায় কাটলীছড়া সাবডিভিশনের স্পোর্টস এসোসিয়েশন ও আলগাপুর এফ সি জয়লাভ করেছে ।

---

---